

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

শনিবার, জানুয়ারি ২৬, ২০১৯

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ : ০৯ মাঘ ১৪২৫/২২ জানুয়ারি ২০১৯

নং ১৭.০০.০০০০.০৩৪.৩৭.০০৪.১৯-৬৬।—স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০(১) অনুযায়ী নির্বাচন কমিশন সচিবালয় হতে ২৩ জানুয়ারি ২০১৮ তারিখে জারীকৃত স্মারক নং ১৭.০০.০০০০.০৩৪.৩৭.০২৮.১৭-৪১ এর যোগসূত্রে রিট পিটিশন নং ৭০৬/২০১৮ ও ৭০৭/২০১৮ এর আলোকে মাননীয় হাইকোর্টের ১৭ জানুয়ারি ২০১৯ তারিখের আদেশের প্রেক্ষিতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের নির্বাচন অনুষ্ঠানে আইনগত কোনো বাধা না থাকায় নির্বাচন কমিশন এতদ্বারা ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের সম্প্রসারিত অংশে নবগঠিত ওয়ার্ডসমূহের নির্বাচন উপলক্ষে ১৩ থেকে ১৮ নম্বর সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং ৩৭ থেকে ৫৪ নম্বর সাধারণ আসনের কাউন্সিলরের পদে ইতঃপূর্বে যে পর্যায় থেকে নির্বাচন স্থগিত করা হয়েছিল সে পর্যায় থেকে নির্বাচন অনুষ্ঠানের উদ্দেশ্যে নিম্নে বর্ণিত সময়সূচি ঘোষণা করিতেছেন :

(ক)	রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	১৭ মাঘ ১৪২৫ ৩০ জানুয়ারি ২০১৯ (বুধবার)
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	২০ মাঘ ১৪২৫ ০২ ফেব্রুয়ারি ২০১৯ (শনিবার)
(গ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	২৭ মাঘ ১৪২৫ ০৯ ফেব্রুয়ারি ২০১৯ (শনিবার)
(ঘ)	ভোটগ্রহণের তারিখ	:	১৬ ফাল্গুন ১৪২৫ ২৮ ফেব্রুয়ারি ২০১৯ (বৃহস্পতিবার)

(৬৫৭)

মূল্য : টাকা ৪.০০

উল্লেখ্য যে, ইতঃপূর্বে দাখিলকৃত প্রার্থীদের নতুন করে মনোনয়নপত্র দাখিলের প্রয়োজন নেই। সেই সাথে ইতঃপূর্বে যারা মনোনয়নপত্র জমা দিয়েছেন তাদের মনোনয়নপত্র পরিবর্তন করে নতুন করে মনোনয়নপত্র জমাদান অথবা কাগজপত্র প্রদানের সুযোগ রয়েছে।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ আতিয়ার রহমান

উপসচিব

নির্বাচন পরিচালনা-২ অধিশাখা।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd